



ISO 9001:2015 Certified

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি  
মহিপাল, ফেনী

টেলিফোনঃ ০২৩৩৪৪-৭২৩০০, ৭৪৭০৭  
ওয়েবঃ www.pbs.feni.gov.bd  
ই-মেইলঃ fenipbs84@gmail.com

স্মারক নং- ২৭.১২.৩০২৯.৫২২.০১.০০৮.২৪. ২৭৮২


তারিখঃ ০৬ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ  
২১ আগষ্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

**“রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি”**

ফেনী পল্লী বিদ্যুৎ সমিতি এর আওতাধীন ফুলগাজী জোনাল অফিসের জন্য রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত যোগ্যতা সম্পন্ন নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী :

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০২। প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।
- ০৩। অত্র পবিসের আওতাভুক্ত থানা/এলাকার সরকারী ডাক্তার হিসাবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪। রিটেইনার ডাক্তার পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে।
- ০৫। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত নির্ধারিত হারে সর্বোচ্চ ৮,০০০.০০ (আট হাজার) টাকা মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে।
- ০৬। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসাবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৭। চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে।
- ০৮। ০৩ (তিন) বৎসরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার কম পক্ষে ০১ (এক) মাস পূর্বে নতুন করে আবেদন আহবান করা হবে এবং সেই সময় যিনি অত্র পদে অধিষ্ঠিত থাকবেন তিনিও পুনরায় আবেদন করতে পারবেন।
- ০৯। সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে অফিসে উপস্থিত থাকতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। ব্যক্তিগত চেম্বারে পবিসের যে কোন কর্মকর্তা/কর্মচারী উল্লেখিত ০২ (দুই) দিন ব্যতীত সপ্তাহে অন্যান্য দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এজন্য কোন পৃথক ভিজিট বা ফি দেওয়া হবে না।
- ১১। দূর্ঘটনা বা যে কোন প্রয়োজনে সমিতির ভৌগলিক এলাকাস্থ যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হবে।
- ১২। উক্ত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে (ক) নিজের নাম (স্পষ্টাক্ষরে), পিতার ও মাতার নাম, (খ) বর্তমান ও স্থায়ী ঠিকানা, (গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র, (ঘ) অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত কপি, (ঙ) ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপিসমূহ অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং আগামী ০৫/০৯/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারী দপ্তরে পৌছাতে হবে।
- ১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে যে কোন সমস্যার উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
২০/৮/২৪  
(হাওলাদার মোঃ ফজলুর রহমান)  
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, ফেনী।
- ০৪। পুলিশ সুপার, ফেনী।
- ০৫। সিভিল সার্জন, ফেনী।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৭। সুপারিনটেনডেন্ট, সদর হাসপাতাল, ফেনী।
- ০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা-সদর/ছাগলনাইয়া/ফুলগাজী/সোনাগাজী/দাগনভূঞা/পরশুরাম, ফেনী।
- ০৯। ডেপুটি জেনারেল ম্যানেজার- সোনাগাজী/ছাগলনাইয়া/ফুলগাজী/দাগনভূঞা/পরশুরাম জোনাল অফিস, ফেনী পবিস।
- ১০। উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা-ফেনী সদর/ছাগলনাইয়া/ফুলগাজী/সোনাগাজী/দাগনভূঞা/পরশুরাম, ফেনী।
- ১১। এজিএম (ওএন্ডএম) রাজাপুর, কসকা, কাজিরহাট সাব-জোনাল অফিস, ফেনী পবিস।
- ১১। এজিএম (অর্থ -হিসাব), ফেনী পবিস।
- ১২। নোটিশ বোর্ড, ফেনী পবিস।

D:\CO Jannatul\Doctor (UNI).doc